# খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ
## Khulna Water Supply & Sewerage Authority

৭নং রুজভেল্ট জেটিঘাট রোড (জোড়াগেট নিকটবর্তী), খালিশপুর, খুলনা-৯০০০।

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ

মুজিব শতবর্ষ 100

"শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং- ৪৬.০৭.০০০০.০০৭.০৬.০০০.২১-১২৫(৪) তারিখ: ৩/১০/২০২১খ্রি:

বিষয়ঃ খুলনা ওয়াসার ২০২১-২২ অর্থ-বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত ২য় পর্যালোচনা সভা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর আওতাধীন "ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২" এর কর্মসম্পাদন ক্ষেত্র [২] প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি-এর কার্যক্রম ২.২ অনুযায়ী খুলনা ওয়াসার চলতি অর্থ-বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত ২য় পর্যালোচনা সভা আগামী ০৪/১০/২০২১ তারিখে সকাল ১১.৩০ ঘটিকায় খুলনা ওয়াসার সভাকক্ষে (কক্ষ নং ৩০১) খুলনা ওয়াসার ইনোভেশন/সেবা সহজিকরণ টিমের সদস্যগণের উপস্থিতিতে একটি সভা আহ্বান করা হয়েছে। সংশ্লিষ্ট কর্মকর্তাদের যথাসময়ে সভায় অংশগ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

৩/১০/২১

(কানিজ ফাতেমা তানিয়া)
উপসচিব
জেনারেল ম্যানেজার, খুলনা ওয়াসা।

অনুলিপিঃ

১। ব্যবস্থাপনা পরিচালক, খুলনা ওয়াসা।
২। উপব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল), খুলনা ওয়াসা।
৩। খুলনা ওয়াসার ইনোভেশন/সেবা সহজিকরণ টিমের সদস্যবৃন্দ।
৪। সহকারি প্রোগ্রামার, খুলনা ওয়াসা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

**খুলনা ওয়াসার ২০২১-২২ অর্থ-বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা সংক্রান্ত ২য় পর্যালোচনা সভার কার্যবিবরনী:**

সভাপতি : মোঃ আব্দুল্লাহ পি.ইঞ্জ, ব্যবস্থাপনা পরিচালক, খুলনা ওয়াসা, খুলনা।
স্থান : সভাকক্ষ, খুলনা ওয়াসা, খুলনা।
সভার তারিখ : ০৪ অক্টোবর ২০২১ খ্রিঃ।
সময় : সকাল ১১:৩০ মিঃ।
সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকাঃ পরিশিষ্ট- "ক" দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি উপস্থিত সকল সদস্যদের অবগতির জন্য উল্লেখ করেন যে, খুলনা ওয়াসার চলতি ২০২১-২২ অর্থ-বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় ক্রমিক নং ১.১, ১.২ ও ১.৩ এ উল্লেখিত উদ্ভাবনী ধারনা বাস্তবায়ন, সেবা সহজিকরণ ও সেবা ডিজিটাইজেশন সম্পর্কিত কার্যক্রম নির্ধারণের লক্ষ্যমাত্রা অনুযায়ী আলোচ্য ৩টি কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ সময় সভাপতি ২০২১-২২ অর্থ-বছরের গৃহিত কার্যক্রমসমূহের সর্বশেষ অবস্থা সম্পর্কে জানাতে সংশ্লিষ্ট ইনোভেশন / সেবা সহজীকরণ টিমের কর্মকর্তাদের অনুরোধ করেন। অতঃপর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ চলতি অর্থ-বছরে আলোচ্য ৩টি কার্যক্রম সম্পর্কে বিস্তারিত মতবিনিময় করেন। পরবর্তীতে সভাপতি সভায় উপস্থিত সকলের সম্মতিক্রমে চলতি ২০২১-২২ অর্থ-বছরের খুলনা ওয়াসার ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় ক্রমিক নং ১.১, ১.২ ও ১.৩ এ উল্লেখিত উদ্ভাবনী ধারনা বাস্তবায়ন, সেবা সহজিকরণ ও সেবা ডিজিটাইজেশন সম্পর্কিত কার্যক্রম হিসেবে নিম্নবর্ণিত তালিকা মোতাবেক সিদ্ধান্ত গ্রহণ করেন এবং এই অনুযায়ী যথাযথ পদক্ষেপ গ্রহণে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতার সাথে কার্যসম্পাদনের অনুরোধ জানান।

| ক্রমিক নং | কার্যক্রমসমূহ | কর্মসম্পাদন সূচক | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১.১ | উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | সৌর শক্তি ব্যবহারের মাধ্যমে খুলনা ওয়াসা ভবনের পাম্প মটর পরিচালনা। | আলোচ্য বিষয়ে ইনোভেশন টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা মোঃ রেজাউল ইসলাম, নির্বাহী প্রকৌশলী অবগত করেন যে, ইতোমধ্যেই নির্দেশনা মোতাবেক সৌর শক্তি ব্যবহার সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের (খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং অনুষদের অধ্যাপক) সাথে আলোচনাপূর্বক খুলনা ওয়াসার পাম্প মটর সৌরশক্তি ব্যবহারের মাধ্যমে পরিচালনার জন্য প্রয়োজনীয় কর্মপরিকল্পনার খসড়া প্রণয়ন করা হয়েছে। সভায় বিস্তারিত আলোচনান্তে সভাপতি আলোচ্য কার্য সম্পাদনে RFQ এর মাধ্যমে দরপত্র আহবানের সিদ্ধান্ত জানান এবং আগামী ৯০ দিবসের মধ্যে উদ্ভাবনি কার্যক্রম সম্পাদনের নির্দেশনা প্রদান করেন। একই সাথে আলোচ্য কাজে ইনোভেশন টিমের সাথে খুলনা ওয়াসার উপসহকারি প্রকৌশলী (বিদ্যুৎ) সার্বক্ষণিক সহযোগীতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ১.২ | সেবা সহজীকরণ | বর্তমানে প্রধান কার্যালয়ের পরিবর্তে স্ব স্ব আঞ্চলিক | সভাপতি ইনোভেশন টিমের সদস্যদের অবহিত করেন যে, আগামী জানুয়ারি ২০২২ মাস হতে খুলনা ওয়াসার সকল |

| | | | |
|---|---|---|---|
| | | কার্যালয় হতে গ্রাহকবৃন্দের বিল প্রস্তুত, বিল বিতরণসহ যাবতীয় সেবা প্রদান। | সেবামূলক কার্যক্রম আঞ্চলিক ভিত্তিতে পরিচালিত হবে। খুলনা ওয়াসার প্রধান কার্যালয় হতে ইতিপূর্বে গ্রাহকবৃন্দের বিল প্রস্তুত, বিল বিতরণসহ যাবতীয় সেবা প্রদান করা হলেও সভাপতি বর্তমানে খুলনা ওয়াসা ভবনে কর্মরত জনবল, ব্যবহৃত সরঞ্জামাদির বিষয়ে তালিকা প্রণয়নের জন্য রাজস্ব শাখার সকল কর্মকর্তাদের অবহিত করেন। |
| ১.৩ | সেবা ডিজিটাইজেশন | ব্যাংকে জমাকৃত খুলনা ওয়াসার গ্রাহকবৃন্দের বিলসমূহ অনলাইনে পোস্টিং প্রদানের মাধ্যমে খুলনা ওয়াসা সার্ভারে প্রেরণ। | সভাপতি সভায় অবগত করেন যে, খুলনা ওয়াসার বিভিন্ন ব্যাংকে জমাকৃত পানির বিল সমূহের অনলাইনে খুলনা ওয়াসা সার্ভারে পোস্টিং প্রদানের বিষয়ে গৃহিত সিদ্ধান্ত মোতাবেক RFQ পদ্ধতিতে দরপত্র আহ্বান করা হয় এবং সহকারি প্রোগ্রামার-কে তদারকির দায়িত্ব প্রদান করা হয়। রাজস্ব শাখা ও সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে ইতোমধ্যেই অনলাইন ব্যাংক পোস্টিং সিস্টেমের পাইলটিং কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়েছে এবং পরীক্ষামূলকভাবে জনতা ব্যাংকের ২টি শাখায় তা চালু করা হয়েছে। সভাপতি সভায় উপস্থিত রাজস্ব শাখার কর্মকর্তাদের দ্রুততম সময়ের মধ্যেই খুলনা ওয়াসার সকল স্টেকহোল্ডার ব্যাংক-কে নতুন উদ্ভাবিত সিস্টেম-এ পোস্টিং কার্যক্রম পরিচালনার জন্য দাপ্তরিকভাবে পত্র প্রেরনের জন্য নির্দেশনা প্রদান করেন এবং প্রাথমিকভাবে জনতা ব্যাংক এর যশোর রোড কর্পোরেট শাখা এবং খুলনা ওয়াসা ভবনে বেসরকারি ব্যাংকসমূহকে উক্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য সহকারি প্রোগ্রামার-কে নির্দেশনা প্রদান করেন। একইসাথে, এ সংক্রান্ত অফিস আদেশ জারির ব্যাপারে সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি আলোচ্য বিষয়ে সম্যক অবগত হয়ে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০/১০/২০২১
(মোঃ আব্দুল্লাহ্, পিইঞ্জ)
ব্যবস্থাপনা পরিচালক
খুলনা ওয়াসা, খুলনা।

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হল:

০১. উপব্যবস্থাপনা পরিচালক (অর্থ ও প্রশাসন), খুলনা ওয়াসা, খুলনা।
০২. উপব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল), খুলনা ওয়াসা, খুলনা।
০৩. ইনোভেশন টিমের সকল সদস্য, খুলনা ওয়াসা, খুলনা।

## খুলনা ওয়াসার ২০২১-২২ অর্থ-বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা সংক্রান্ত ২য় পর্যালোচনা সভার উপস্থিতির তালিকা

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মোঃ আব্দুল্লাহ্ পিইঞ্জ. | ব্যবস্থাপনা পরিচালক | |
| ২ | এমডি কামালউদ্দিন আহমেদ | উপব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল) | |
| ৩ | কানিজ ফাতেমা তানিয়া | জেনারেল ম্যানেজার | |
| ৪ | এম খাদেমুল ইসলাম | বাণিজ্যিক ব্যবস্থাপক | |
| ৫ | মোঃ রেজাউল ইসলাম | নির্বাহী প্রকৌশলী | |
| ৬ | মোঃ সোহেল বিল্লাহ | সহকারি প্রোগ্রামার | |
| ৭ | এম এম নাদিমুল ইসলাম | রাজস্ব কর্মকর্তা | |
| ৮ | এম এম ইফতেকারুল ইসলাম | রাজস্ব কর্মকর্তা | |
| ৯ | বিপ্লব কান্তি দাস | রাজস্ব কর্মকর্তা | |